

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, পিরোজপুর
ও
রিটার্নিং অফিসারের কার্যালয়
www.pirojpur.gov.bd

নম্বর : ০৫.১০.৭৯০০.০০৯.১৮.০৭১.২৩-৭৪৫

তারিখ: ০৫ পৌষ ১৪৩০
২০ ডিসেম্বর ২০২৩

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে প্রার্থীদের প্রচারণায় সরকারি কার্যালয় ও সরকারি যানবাহন ব্যবহারে নিয়মাবলি/নিষেধাজ্ঞা বিষয়ক গণবিজ্ঞপ্তি

এতদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এর ভোটগ্রহণ আগামী ০৭ জানুয়ারি, ২০২৪ তারিখ অনুষ্ঠিত হবে। বিগত ১৮ ডিসেম্বর, ২০২৩ তারিখ প্রতীক বরাদ্দের পর দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন এর নির্বাচনি প্রচারণা সংক্রান্ত কার্যক্রম শুরু হয়েছে। নির্বাচনি প্রচারণার ক্ষেত্রে দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনের সকল প্রতিদ্বন্দী প্রার্থীকে, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর দফা ৯১খ এর ক্ষমতাবলে প্রণীত “সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮” আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। নির্বাচনে প্রার্থীদের প্রচারণায় সরকারি কার্যালয় ও সরকারি যানবাহন ব্যবহার সম্পর্কে উল্লিখিত আচরণ বিধিমালায় কতিপয় নিয়মাবলি/নিষেধাজ্ঞার বিষয়ে উল্লেখ করা হয়েছে। নিম্নে এ সংক্রান্ত নিয়মাবলি/নিষেধাজ্ঞা বিস্তারিতভাবে দেয়া হলো:

২। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ৪ (১) অনুযায়ী- সরকারি ডাক-বাংলো, রেস্ট হাউজ, সার্কিট হাউজ বা কোন সরকারি কার্যালয়কে কোন দল বা প্রার্থীর পক্ষে বা বিপক্ষে প্রচারের স্থান হিসেবে ব্যবহার করা যাবে না।

৩। সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ১৪ (২) অনুযায়ী- সরকারি সুবিধাভোগী অতি গুরুত্বপূর্ণ ব্যক্তি তার নিজের বা অন্যের পক্ষে নির্বাচনি প্রচারণায় সরকারি যানবাহন, সরকারি প্রচারযন্ত্রের ব্যবহার বা অন্যবিধ সরকারি সুবিধাভোগ করতে পারবেন না এবং এতদুদ্দেশ্যে সরকারি, আধাসরকারি, স্বায়ত্তশাসিত সংস্থার কর্মকর্তা-কর্মচারি বা কোন শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক বা কর্মকর্তা-কর্মচারীকে ব্যবহার করতে পারবেন না।

৪। উল্লেখ্য, সংসদ নির্বাচনে রাজনৈতিক দল ও প্রার্থীর আচরণ বিধিমালা, ২০০৮ এর বিধি ১৮ অনুযায়ী- নির্বাচন পূর্ব সময়ে বিধিমালার বিধান লংঘন অনধিক ছয় মাসের কারাদন্ড অথবা অনধিক পঞ্চাশ হাজার টাকা অর্থদন্ডে দন্ডনীয় অপরাধ।

পিরোজপুর জেলার ০৩ (তিন) টি সংসদীয় আসনের [১২৭ পিরোজপুর-১ (পিরোজপুর সদর, নাজিরপুর, ইন্দুরকানী), ১২৮ পিরোজপুর-২ (কাউখালী, ভান্ডারিয়া, নেছারাবাদ) ও ১২৯ পিরোজপুর-৩ (মঠবাড়ীয়া)] নির্বাচনের লক্ষ্যে প্রতিদ্বন্দী প্রার্থী, প্রার্থীর নির্বাচনি এজেন্ট, প্রার্থীর পক্ষে কোন ব্যক্তি এবং সংশ্লিষ্ট সকলকে উপরের নির্দেশনা প্রতিপালন করার জন্য অনুরোধ করা হলো।

আদেশক্রমে

(স্বাক্ষর) ২০.১২.২০২৩

(মোহাম্মদ জাহেদুর রহমান)

জেলা প্রশাসক, পিরোজপুর

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

১২৭ পিরোজপুর-১, ১২৮ পিরোজপুর-২ ও ১২৯ পিরোজপুর-৩

ফোনঃ ০২৪৭৮৮৯০৪০০

e-mail: dcpirojpur@mopa.gov.bd

নম্বর : ০৫.১০.৭৯০০.০০৯.১৮.০৭১.২৩-৭৪৫

তারিখ: ০৫ পৌষ ১৪৩০
২০ ডিসেম্বর ২০২৩

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
- ০২। বিভাগীয় কমিশনার, বরিশাল বিভাগ, বরিশাল
- ০৩। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ০৪। পুলিশ সুপার, পিরোজপুর
- ০৫। জেলা নির্বাচন অফিসার, পিরোজপুর
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার,.....(সকল), পিরোজপুর
- ০৭। জেলা তথ্য অফিসার, পিরোজপুর। (তাকে বহল প্রচারের জন্য অনুরোধ সহ)
- ০৮। উপজেলা নির্বাচন অফিসার (সকল), পিরোজপুর
- ০৯। সভাপতি/সাধারণ সম্পাদক, পিরোজপুর প্রেস ক্লাব, পিরোজপুর
- ১০। নোটিশ বোর্ড.....

০৫.১২.২০২৩

জেলা প্রশাসক, পিরোজপুর

ও

রিটার্নিং অফিসার

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচন

১২৭ পিরোজপুর-১, ১২৮ পিরোজপুর-২ ও ১২৯ পিরোজপুর-৩